



# বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা

২নং অরফ্যানেজ রোড, বখশিবাজার, ঢাকা-১২১১

Website: www.bmeb.gov.bd, E-mail: info@bmeb.gov.bd, Fax: 58616681, 58617908, 58617908, 9615576



নং-বামাশিবো/প্রশাসন/ময়মনসিংহ-১২৭/৬৫৪৩ / ৬

তারিখ: ২৭.০৭.২০২০খ্রি.

বিষয়: রিট পিটিশন নং-৯৮৪০/২০১৯ এর বিষয়ে আইনানুগ পদক্ষেপ গ্রহণসহ গৃহীত ব্যবস্থা সম্পর্কে অবহিতকরণ প্রসঙ্গে


- সূত্র: ১) নং-বামাশিবো/প্রশাসন/ময়মনসিংহ-১২৭/৩২৯৩/৭; তারিখ: ৩১/০৭/২০১৯ খ্রি.  
 ২) কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগের স্মারক নং-৫৭.০০.০০০০.০৪৬.০৪.১০৯.১৯-৫৬৯; তারিখ: ০৪/১১/২০১৯ খ্রি.  
 ৩) নং-বামাশিবো/প্রশাসন/ময়মনসিংহ-১২৭/৩৪৫৮/৭; তারিখ: ১৩/১১/২০১৯ খ্রি.

উপর্যুক্ত বিষয় ও সূত্রের আলোকে জানানো যাচ্ছে যে, ময়মনসিংহ জেলার নান্দাইল উপজেলাধীন ধুরুয়া ডি.এস দাখিল মাদ্রাসার সুপার জনাব মো: তাজুল ইসলামের বিরুদ্ধে আনীত অভিযোগসমূহ প্রমাণিত না হওয়ায়, বিধি মোতাবেক তদন্ত না হওয়ায় এবং চূড়ান্ত বরখাস্তের পূর্বে বোর্ডের অনুমোদন না নেয়ায় উক্ত দরখাস্তের আইনগত ভিত্তি নেই মর্মে প্রতীয়মান হওয়ায় তাকে সুপার পদে দায়িত্ব পালনের (পূর্ববহালের) জন্য নির্দেশনা দিয়ে বোর্ড কর্তৃক সূত্রোক্ত ১নং স্মারকে (Annexure-J মূলে) পত্র জারি করা হয়। উক্ত স্মারকের বিরুদ্ধে সংক্ষুব্ধ হয়ে ডা: মো: মুকসুদুর রহমান নোমান কর্তৃক মহামান্য হাইকোর্ট বিভাগে রিট পিটিশন নং-৯৮৪০/২০১৯ দায়ের করেন। রিট পিটিশনের বিষয়ে আইনানুগ পদক্ষেপ গ্রহণসহ গৃহীত ব্যবস্থা সম্পর্কে অবহিতকরণের নিমিত্তে শিক্ষা মন্ত্রণালয়ের কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ কর্তৃক সূত্রোক্ত ২নং স্মারকে পত্র দেয়া হয়েছে।


উক্ত রিট পিটিশনের প্রেক্ষিতে প্রয়োজনীয় আইনানুগ ব্যবস্থা গ্রহণ এবং মামলার অগ্রগতির বিষয়ে নিয়মিত বোর্ডকে অবহিত করার জন্য বোর্ড কর্তৃক সূত্রোক্ত ৩নং স্মারকে মাদ্রাসার সুপারকে পত্র দেয়া হয়েছে (কপি সংযুক্ত)।

বিষয়টি মহোদয়কে অবহিত করা হলো।

সংযুক্তি: বর্ণনা মোতাবেক ০২ (দুই) পাতা।

  
 প্রফেসর কায়সার আহমেদ  
 চেয়ারম্যান

বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা  
 ফোন: ৯৬১২৮৫৮

  
 ২৭/৭/২০২০

সচিব

কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ

শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

দৃষ্টি আকর্ষণ: জনাব মো: আ: খালেদ মিয়া

সিনিয়র সহকারী সচিব (আইন), কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ

শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

অনুলিপি:

১. সচিব মহোদয়ের একান্ত সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;
২. সিনিয়র সিস্টেম এনালিস্ট, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;
৩. অতিরিক্ত সচিব (মাদ্রাসা) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;
৪. অতিরিক্ত সচিব (অডিট ও আইন) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;
৫. অফিস কপি।